

কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারী /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৮-০২-২০১৯ খ্রিঃ রোজ : সোমবার সময় : সাকল ১০.০০ ঘটিকা
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবাল হোসেন	সাধারণ সদস্য	২নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্যসূচী:

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। স্বল্পমূল্যের উপকারভোগীদের তালিকা সংশোধন প্রসঙ্গে।
- ৩। ভিজিডি উপকারভোগীদের নামের তালিকা অনুমোদন প্রসঙ্গে।
- ৪। টি আর, কাবিখা প্রকল্প অনুমোদন প্রসঙ্গে।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শূভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
২	সভাপতি মহোদয় সভাকে জানান যে, স্বল্পমূল্যের তালিকায় উপকারভোগীদের মোবাইল নম্বর সংযোজন পূর্বক তালিকা হালনাগাদ করার জন্য পত্র পাওয়া গিয়েছে। ইতোপূর্বে প্রস্তুতকৃত তালিকায় যদি একই পরিবারের একাধিক নাম থাকে এবং ভিজিডি ও ভিজিএফ তালিকায় নাম থাকে কিংবা কেউ যদি অত্র ইউনিয়ন ত্যাগ করে অন্যত্র চলে গিয়ে থাকে তাহলে তাদেরকে বাদ দিয়ে সংশ্লিষ্ট এলাকা থেকে অপেক্ষাকৃত দরিদ্র, প্রতিবন্ধী, বিধবা ও দুঃস্থদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিধিমোতাবেক দুত তালিকা সংশোধন করার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিধিমোতাবেক দুত তালিকা সংশোধন করার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	মোহনপুর ইউনিয়ন পরিষদ,
৩	৩নং আলোচ্যসূচীর আলোকে সভায় সদস্যগণ আলোচনা করেন, ভিজিডি	তালিকাগুলো সভায়	সকল সদস্য,

	উপকারভোগীদের তালিকা চূড়ান্ত করণের জন্য ইতোপূর্বে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করা হয়েছে এবং অনুমোদনের জন্য চূড়ান্ত তালিকা সভায় উপস্থাপন করা হয়েছে। তালিকাগুলো সভায় আবারও যাচাই বাছাই করে ২০১৯-২০২০ চক্রের জন্য চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়।	যাচাই বাছাই করে ২০১৯-২০২০ চক্রের জন্য চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়।	মোহনপুর ইউনিয়ন পরিষদ,
৪	<p>সভাপতি জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরে স্মারক নং ৫১.০১.৯০৮৯.০০০.৪২.০২৩.১৯-৭২৩ তারিখ ১৪/০২/২০১৯ এ টি আর (নন সোলার) এর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ১৪৮২৪২/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত অর্থ দিয়ে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প প্রস্তাবনা সদয় অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত প্রকল্পগুলো সর্বসম্মতিতে গৃহীত হয়।</p> <p>১। পৈন্দ কুতুবের বাধ মেরামত।(ওয়ার্ড নং: ০৩)</p> <p>২। ব্রহ্মোত্তর বড় সড়ক হতে তারা মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত। (ওয়ার্ড নং: ০৭)</p> <p>২০১৮-২০১৯ অর্থবছরে স্মারক নং ৫১.০১.৯০৮৯.০০০.৪২.০২২.১৯-৭২৫ তারিখ ১৪/০২/২০১৯ কাবিখা (নন সোলার) এর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ৫.৫১৮ মে: টন খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দিয়ে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প প্রস্তাবনা সদয় অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত প্রকল্পগুলো সর্বসম্মতিতে গৃহীত হয়।</p> <p>১। উজান রামনগর ইয়াছিন আলীর বাড়ী হতে আ: নুরের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত। ৫.৫১৮ মে: টন (ওয়ার্ড নং: ০৯)</p> <p>২০১৮-২০১৯ অর্থবছরে স্মারক নং ৫১.০১.৯০৮৯.০০০.৪২.০২২.১৯-৭২৬ তারিখ ১৪/০২/২০১৯ কাবিখা (সোলার স্থাপন) এর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ১৯৩১০৩/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দিয়ে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প প্রস্তাবনা সদয় অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরজমিন পরিদর্শন পূর্বক প্রকৃত উপকারভোগীদের তালিকা অত্রাফিসে প্রদান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরজমিন পরিদর্শন পূর্বক প্রকৃত অগ্রাধিকার পকল্প ও উপকারভোগীদের তালিকা অত্রাফিসে প্রদান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

স্মারক নং: ২৮ /১৯

তারিখঃ ২১/০২/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।